রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, ফেব্রুয়ারী ২৮, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪শে ফেব্রুয়ারী ২০০৪/১২ই ফাল্গুন ১৪১০

**এস, আর, ও নং ৪৭-আইন/২০০৪**—অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ (২০০৩ সনের ৮ নং আইন) এর ধারা ৪ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নের টেবিলের (২) নং কলামে উল্লিখিত জেলার বিপরীতে (৩) নং কলামে উল্লিখিত বিদ্যমান যুগ্ম-জেলাজজ আদালতসমূহকে উহাদের বিপরীতে (৪) নং কলামে প্রদর্শিত মতে অর্থ ঋণ আদালত হিসাবে এতদ্বারা ঘোষণা করিল, যথা ঃ—

**টেবিল**

| ক্রমিক নং | জেলার নাম | আদালতের নাম | নবঘোষিত আদালত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| (১) | সিরাজগঞ্জ | যুগ্ম-জেলাজজ আদালত | অর্থ ঋণ আদালত |
| (২) | নাটোর | যুগ্ম-জেলাজজ আদালত | অর্থ ঋণ আদালত |
| (৩) | জয়পুরহাট | যুগ্ম-জেলাজজ আদালত | অর্থ ঋণ আদালত |

২। এই প্রজ্ঞাপন দ্বারা ঘোষিত অর্থ ঋণ আদালতসমূহে নিয়োগপ্রাপ্ত বিচারক "জজ, অর্থ ঋণ আদালত" হিসাবে সম্বোধিত হইবেন এবং তিনি অর্থ ঋণ সংক্রান্ত মামলা ব্যতিরেকে অন্য কোন মামলার বিচার কার্য করিতে পারিবেন না এবং উক্ত অর্থ ঋণ আদালতে অর্থ ঋণ সংক্রান্ত মামলা ব্যতীত বিচারাধীন অন্য সকল মামলা, সংশ্লিষ্ট জেলাজজ তাঁহার স্থানীয় অধিক্ষেত্র ও প্রশাসনিক নিয়ন্ত্রণে অবস্থিত অন্য কোন যুগ্ম জেলাজজ আদালতে বদলীর নির্দেশ দান করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আসাদুজ্জামান**
সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনভ অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।



মূল্য ঃ টাকা ১.০০